ভারতে ২৪ ঘণ্টায় শনাক্ত ২ লাখ ৫৭ হাজার, মৃত্যু ১৭৫৭

চেম্বার ডেস্ক::

একদিনে বিশ্বে সর্বোচ্চ শনাক্ত এবং মৃত্যুর রেকর্ড গড়েছে ভারত। গত ২৪ ঘণ্টায় দেশটিতে করোনায় আক্রান্ত আরও ২ লাখ ৫৬ হাজার ৯৪৭ জনকে শনাক্ত করা হয়েছে। এ সময় দেশটিতে মৃত্যু হয়েছে ১ হাজার ৭৫৭ জন। এ নিয়ে টানা ৬ দিনের মতো দেশটিতে দৈনিক দুই লাখের বেশি রোগী শনাক্ত হলো।

এখন পর্যন্ত দেশটিতে ১ কোটি ৫৩ লাখ ১৪ হাজার ৭১৪ জন শনাক্ত হয়েছেন। সংক্রমণের দিক থেকে বিশ্বের মধ্যে ভারতের অবস্থান বর্তমানে দ্বিতীয়।ওয়ার্ল্ডোমিটারের তথ্য বলছে, বিশ্বে সব দেশকে ছাড়িয়ে ২৪ ঘণ্টায় ভারতে সবচেয়ে বেশি মৃত্যু এবং সংক্রমণ হয়েছে। করোনায় এ পর্যন্ত ভারতে মারা গেছেন ১ লাখ ৮০ হাজার ৫৫০ জন।সেখানে একদিনে তৃতীয় সর্বোচ্চ মৃত্যু হয়েছে যুক্তরাষ্ট্রে ৪৮৮জন, আক্রান্ত হয়েছে ৫১ হাজার ৬৬০ জন, দ্বিতীয় সর্বোচ্চ মৃত্যু হয়েছে ব্রাজিলে ১ হাজার ৬০৭ জন, আক্রান্ত হয়েছে ৩৬ হাজার ৬৬২ জন।সেখানে একদিনে মৃত্যু এবং শনাক্তে রেকর্ড করেছে ভারত।বিশেষজ্ঞরা ধারণা করছেন, করোনার দ্বিতীয় ঢেউয়ের ধাক্কা যুক্তরাষ্ট্র, ইতালি, স্পেন, রাশিয়া, যুক্তরাজ্য এমনকি ল্যাটিন আমেরিকার দেশ কিছুটা নিয়ন্ত্রণে আনতে পারলেও দক্ষিণ এশিয়ার এ দেশটিতে ভয়াবহ আকারে বিস্ফোরণ ঘটাচ্ছে।ভারতে গত ২৪ ঘণ্টায় আরটি-পিসিআর ও র্যাপিড অ্যান্টিজেন পদ্ধতিতে পরীক্ষা করা হয়েছে ১৯ লাখ ৬৮ হাজার ৪২৫টি নমুনা।প্রতিবেদনে বলা হয়েছে, সংক্রমণ সবচেয়ে বেশি মহারাষ্ট্রে। এর পর রয়েছে উত্তর প্রদেশ, দিল্লি, কর্ণাটক, ছত্রিশগড়, কেরালা, তামিল নাড়ু, অন্ধ্রপ্রদেশ। গত ২৪ ঘণ্টায় সর্বোচ্চ শনাক্ত মহারাষ্ট্রে।ভারতে এখন পর্যন্ত প্রায় ১২ কোটির বেশি মানুষকে ভ্যাকসিন দেওয়া হয়েছে বলে জানানো হয়েছে এনডিটিভির প্রতিবেদনে।গত বছরের ৩০ জানুয়ারি ভারতে প্রথম করোনা আক্রান্ত রোগী শনাক্ত হয়। জনস হপকিনস ইউনিভার্সিটির করোনাভাইরাস রিসোর্স সেন্টারের তথ্য অনুযায়ী, সংক্রমণের দিক থেকে বর্তমানে বিশ্বে ভারতের অবস্থান দুই নম্বরে। ভারতের আগে রয়েছে যুক্তরাষ্ট্র ও পরে ব্রাজিল।